


স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ

নিলাম বিজ্ঞপ্তি

স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ এর চত্বরে বিভিন্ন প্রজাতির ৬০টি গাছ আগামী ২২/১১/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২.০০ টায় গোপন টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ক্রেতা/গাছ ব্যবসায়ী মালিকগণকে নির্ধারিত তারিখ ও সময়ে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। নিলাম ডাকের পূর্ব পর্যন্ত বিদ্যালয় চত্বরের গাছ(যেখানে যে অবস্থায় আছে) পরিদর্শন করা যাবে
- ২। আগামী ২২/১১/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২ টার মধ্যে স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ এর প্রধান শিক্ষকের কার্যালয়ে দরপত্র টেন্ডার বাস্তবে জমা করতে হবে
- ৩। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে দরপত্র জমা দিতে হবে
- ৪। “প্রধান শিক্ষক, স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়” এর নামে জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার(ফেরতযোগ্য) দরপত্রের সঙ্গে জমা দিতে হবে
- ৫। নিলামে অংশগ্রহণকারীদের জমাকৃত দরপত্র ঐ দিনই বেলা ১.০০ টায় (অংশগ্রহণকারী যদি কেহ উপস্থিত থাকে) উন্মুক্ত ও বাছাই করা হবে
- ৬। নিলামে অংশগ্রহণকারীদের ভোটের আইডি কার্ডের সত্যায়িত ০১ কপি দরপত্রের সঙ্গে জমা দিতে হবে
- ৭। সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের জন্য বিবেচনা করা হবে
- ৮। কার্যাদেশ প্রাপ্তির পর ১০ দিনের মধ্যে স্ব-উদ্যোগে ও নিজ খরচে নিলামকৃত গাছসমূহ (যেখানে যে অবস্থায় আছে) কর্তনসহ অপসারণ করতে হবে। কর্তন ও অপসারণের সময়ে বিদ্যালয়ের কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে ক্ষতিপূরণ বহন করতে হবে
- ০৯। সর্বোচ্চ দরদাতা নির্বাচিত হওয়ার পর ০৩ কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত সমূদয় অর্থ এবং উল্লেখিত সমূদয় অর্থের (ভ্যাট ১০% ও আয়কর ৭.৫%) ১৭.৫% সহ সমূদয় অর্থ বিদ্যালয়ের কার্যালয়ে নগদ জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে
- ১০। সর্বোচ্চ দরদাতা নির্বাচিত হওয়ার পর ৩ কার্য দিবসের মধ্যে ভ্যাট ও আয়করসহ সমূদয় অর্থ বিদ্যালয়ের কার্যালয়ে নগদ জমা দিতে ব্যর্থ হলে অথবা কার্যাদেশ গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন করলে নির্বাচিত দরদাতার জামানত বাজেয়াপ্ত করা হবে
- ১১। কোন কারণে সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ গ্রহণে অস্বীকৃতি জানালে ২য় সর্বোচ্চ দরদাতাকে বিবেচনা করা হবে
- ১২। সর্বোচ্চ দরদাতা দরপত্রের সঙ্গে জমাকৃত = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার গাছ কর্তনসহ অপসারণের পর ফেরত পাবেন
- ১৩। ২য় সর্বোচ্চ দরদাতার জামানতের অর্থ কার্যাদেশ প্রদানের পর প্রদান করা হবে
- ১৪। কর্তৃপক্ষ এই নিলামের যে কোন কার্যক্রম বাতিল/সংশোধন/পরিবর্তন বা পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করেন


মো. মাহে আলম
প্রধান শিক্ষক
স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়
তারিখ: ২৬/১১/২৩

স্মারক নং-স্ব.ক.গোপাল/নিলাম/১১৭(০৩)/২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ

০২। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), গোপালগঞ্জ

০৩। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর

০৪। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর

০৬। সভাপতি/সাধারণ সম্পাদক কাঠ ব্যবসায়ী সমিতি


০৭। নোটিশ বোর্ড: জেলা প্রশাসকের কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসার, সদর এর

কার্যালয়/ জেলা শিক্ষা অফিসারের কার্যালয়/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর

এর কার্যালয়/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, গোপালগঞ্জ

এর কার্যালয়/এ বিদ্যালয়ের কার্যালয়

০৭। অফিস কপি


মো. মাহে আলম
প্রধান শিক্ষক
স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়